

আন্তর্জাতিক

মরক্কোর প্রধানমন্ত্রীর দায়িত্বে প্রথমবার নারী

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৪০ AM



মরক্কোর ইতিহাসে প্রথমবারের মতো প্রধানমন্ত্রী পদে দায়িত্ব পেয়েছেন একজন নারী। দেশটির বাদশাহ ষষ্ঠ মোহাম্মদ ফাতিমা জাহরা এল মানসুরিকে প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত করেছেন। এর মধ্য দিয়ে আরব বিশ্বের দ্বিতীয় নারী সরকারপ্রধান হলেন তিনি।

এর আগে আরব বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন তিউনিসিয়ার নাজলা বুদেন।

সম্প্রতি অনুষ্ঠিত সংসদীয় নির্বাচনে ফাতিমার দল অথেন্সিসিটি অ্যান্ড মডার্নিটি পার্টি (পাম) ৯৭টি আসন পেয়েছে। নির্বাচনে এটিই সর্বোচ্চ আসন পাওয়া দল। নির্বাচনের পর দলটির নেতা ফাতিমা জাহরা এল মানসুরিকে সরকার গঠনের দায়িত্ব দেন বাদশাহ ষষ্ঠ মোহাম্মদ।

৫০ বছর বয়সী ফাতিমা পেশায় আইনজীবী। মরক্কোর মোহাম্মদ পঞ্চম বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষে তিনি ফ্রান্স ও যুক্তরাষ্ট্রে করপোরেট আইনে উচ্চতর শিক্ষা নেন।

২০০৯ সালে মারাকেশের প্রথম নারী মেয়র নির্বাচিত হন ফাতিমা। পরে তিনি মরক্কোর নগর পরিকল্পনা ও আবাসনবিষয়ক মন্ত্রীর দায়িত্ব পালন করেন।

রাজনীতিতে নারীদের অধিকার ও উত্তরাধিকার আইনের মতো বিতর্কিত বিষয়ে ফাতিমা বরাবরই সতর্ক অবস্থান নিয়েছেন। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়াকে তিনি বড় সম্মান হিসেবে উল্লেখ করেছেন।

এর আগে এক বক্তব্যে বাদশাহ ষষ্ঠ মোহাম্মদকে নারীদের অন্যতম বড় সমর্থক হিসেবে অভিহিত করেন ফাতিমা।

তবে নতুন সরকারের সামনে জোট গঠনের বড় চ্যালেঞ্জ রয়েছে। মরক্কোর সংসদে মোট আসন ৩৯৫টি। একক সংখ্যাগরিষ্ঠতার জন্য প্রয়োজন ১৯৮টি আসন। সেখানে পাম পেয়েছে ৯৭টি আসন। ফলে সরকার গঠনে অন্য দলগুলোর সঙ্গে সমঝোতায় যেতে হবে দলটিকে।

বিদায়ী ক্ষমতাসীন দল ন্যাশনাল র‍্যালি অব ইন্ডিপেনডেন্টসের (আরএনআই) সঙ্গে রাজনৈতিক সম্পর্কের টানাপোড়েন রয়েছে। অন্যদিকে ইসলামপন্থী জাস্টিস অ্যান্ড ডেভেলপমেন্ট পার্টি (পিজেডি) বিরোধী দলে থাকার ঘোষণা দিয়েছে। এ পরিস্থিতিতে নতুন জোট গঠন নিয়ে রাজনৈতিক মহলে আগ্রহ তৈরি হয়েছে।

ফাতিমার নেতৃত্বে নতুন সরকার কীভাবে জোট গঠন করে, এখন সেটিই গুরুত্বপূর্ণ বিষয়। একই সঙ্গে অর্থনীতি, কর্মসংস্থান ও সামাজিক উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন সরকার কী পদক্ষেপ নেয়, সেদিকেও নজর থাকবে।

এ বিভাগের আরও খবর



হুথীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে ছবিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের ছবিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...